বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

২৪ মে/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইসমাইল হোসেন<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ২৪ মে/২০২৩ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২:০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ, বিআরডিবি, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০২২-২৩ অর্থবছরে ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে কি করা যেতে পারে সে বিষয়ে সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অগ্রগতি বিষয়ে পর্যালোচনা | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক জানুয়ারি-মার্চ/২৩ এর অগ্রগতি প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট দপ্তরে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। যে সূচকগুলো অর্জন করা প্রয়োজন তা আগামী কর্মদিবসগুলোর মধ্যে সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম জুন ২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ২. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২৩-২০২৪) বিষয়ে অবহিতকরণ | উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগ থেকে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নতুনভাবে কর্মপরিকল্পনা করা হয়েছে। এটি সভায় উপস্থাপন করা হয়। মাঠ পর্যায়ের জন্য কর্মপরিকল্পনা প্রনীত হলে তা ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে। | মাঠ পর্যায়ের জন্য প্রণীত কর্মপরিকল্পনা যথাসময়ে প্রেরণ ও তা বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করতে হবে। | |
| ৩. | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন/সেবা সহজিকরণ/সেবা ডিজিটালাইজেশন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম সূচক [১.১] এবং কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ী যে কোন একটি উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন এর সিদ্ধান্ত ছিল। এ লক্ষ্যে "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ" সেবাটি সহজীকরণ করে স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-৫০৭১ তারিখ: ০৩/০৫/২০২৩ খ্রি. মূলে অফিস আদেশ বুকলেট সহ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | • বাস্তবায়িত ও সহজিকৃত সেবাটি বুকলেট সহ আপলোড করা ও সংশ্লিষ্ট সকলকে বাস্তবায়ন করতে হবে। বিষয়টি মনিটরিং করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ডি-নথি ব্যবস্থাপনা | ক) এপিএ রিপোর্ট ও অগ্রগতি প্রতিবেদন প্রদানের লক্ষ্যে প্রতি মাসে বিভাগ ভিত্তিক তথ্যগুলো একীভূত করে প্রতিবেদন প্রস্তুত ও সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়;<br>খ) বিআরডিবি'র বিভাগ থেকে প্রাপ্ত তথ্য, এটুআই থেকে প্রণীত ই-নথির প্রতিবেদন অনুযায়ী এপ্রিল/২০২৩ মাস ই-ফাইলে মোট পত্রজারি ২১ টি এবং মোট নিস্পন্ন নথি ২৩ টি হয়েছে। এ প্রতিবেদন যথাসময়ে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে;<br>(গ) ডি-নথি ব্যবস্থাপনা কার্যক্রমের গতি ধীর হওয়ায় এটুআই এর মাধ্যমে বেশ কয়েকবার যোগাযোগ করা হয়েছে। তারা প্রতিনিধি পাঠাবেন মর্মে সিদ্ধান্ত হয়েছে। | • ডি-নথির গতি তুলনামূলক ধীরগতি হওয়ায় এ সমস্যা সমাধানে জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• ডি-নথি প্রক্রিয়ায় কার্যক্রম বাড়ানোর বিষয়ে সকলকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) ও সহকারী মেইন: ইঞ্জি: |
| ৪. | ই-গভর্ন্যান্সও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম সূচক [২.২] এবং কর্মসম্পাদন সূচক [২.২.১] মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) বাস্তবায়নের অংশ হিসেবে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ১২/০৪/২০২৩ তারিখে সদর দপ্তরের ৪৫ জন সহকারী পরিচালক এবং ১৩/০৪/২০২৩ তারিখে ৩৩ জন উপ প্রকল্প পরিচালক ও উপপরিচালকগণের সমন্বয়ে ২টি কর্মশালা আয়োজন করা হয়েছে। ১৭/০৫/২০২৩ তারিখে মাঠ পর্যায়ের ৮২ জন উপ প্রকল্প পরিচালক ও উপপরিচালকগণের সমন্বয়ে এবং ১৮/০৫/২০২৩ তারিখে মাঠ পর্যায়ের ৬৮ জন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের সমন্বয়ে ২টি ভার্চুয়াল প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী কর্মদিবসগুলোর মধ্যে অবশিষ্ট ২টি প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। | • মে ২০২৩ মাসের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী বাকী প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>• এ সংক্রান্ত যাবতীয় প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ৫. | তথ্য বাতায়ন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে। এ বিষয়ে পত্রজারীর মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে। মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদ করণের জন্য শীঘ্রই পত্র প্রেরণ করা হবে। | মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন ও সংশ্লিষ্ট বিষয়াদি হালনাগাদের নির্দেশনা দিয়ে পত্র জারি করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) ও সহকারী মেইন: ইঞ্জি:<br><br>ইনোভেশন কমিটি |
| ৬. | বিআরডিবি/ অন্যান্য প্রতিষ্ঠানের উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যসূচক মান ২.২ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী কোন পরিদর্শন করা সম্ভব হয়নি। দ্রুততম সময়ের মধ্যে পরিদর্শন সমাপ্ত করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিআরডিবি'র আওতাধীন বাস্তবায়িত উদ্ভাবনসমূহের মধ্যে গাইবান্ধা ও নিলফামারী জেলার আওতাধীন বিভিন্ন উপজেলায় বাস্তবায়িত উদ্যোগ | উপপরিচালক (প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সমূহ উপপরিচালক (প্রোগ্রামিং) দ্রুততম সময়ের মধ্যে পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭. | অনলাইন রিপোর্টিং সফ্টওয়্যার | মার্চ ও এপ্রিল/২০২৩ মাসের সমন্বয় সভায় যুগ্মপরিচালক (নির্মাণ) কর্তৃক তৈরিকৃত অনলাইন রিপোর্টিং সফ্টওয়্যার সিস্টেমটি চালুর বিষয়ে সিদ্ধান্ত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অনলাইন রিপোর্টিং সফ্টওয়্যার চালু করার জন্য অনুমোদন চেয়ে নথি মহাপরিচালক মহোদয়ের বরাবর নথি উপস্থাপন করতে হবে। | ১. ইনোভেশন কমিটি<br>২. উপপরিচালক (প্রোগ্রামিং)<br>৩. সহকারী মেইন: ইঞ্জি:<br>৪. হিসাবরক্ষক (প্রোগ্রামিং) |
| ০৮. | বিবিধ | মাঠ পর্যায়ে জেলা ও উপজেলা সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল/২০২৩-জুন/২০২৩) এর বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আনয়নে আগে থেকেই ব্যবস্থা নিতে হবে । এ লক্ষ্যে পত্র জারি করা যেতে পারে। | মাঠ পর্যায় থেকে আগামী ২৫/০৬/২০২৩ তারিখে মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৩) এর বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ ও সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৬/২৩

মোঃ ইসমাইল হোসেন
পরিচালক (প্রশাসন ও সরেজমিন)
ও
সভাপতি, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি
ফোন: +৮৮০২৪১০১০৩২৮
dradmn@brdb.gov.bd

তারিখ: ২৪/০৬/২০২৩ খ্রি.

**নম্বর:** ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৫৯১৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;

২। যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;

৩। উপপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;

৪। উপপরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;

৫। সহকারী পরিচালক (পদাবিক), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা। এবং

৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।।

24/5/20

নাজনীন খানম
উপপরিচালক (প্রোগ্রামিং)
ও সদ্য সচিব
ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন
বাস্তবায়ন কমিটি